

## বিপুল পরিমাণে ইয়াবা, নগদ টাকা, ৫টি মোবাইলসেটসহ ০৬জন টেকনাফ নাগরিক আটক



অদ্য ০৪-১১-২০১৩ খ্রিষ্টাব্দ, সময় ২০.০০-২৩.০০ ঘটিকায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রোঃ উপঅঞ্চলের সহকারী পরিচালক জনাব মোহাম্মদ নাজমুল কবীর এর নেতৃত্বে গুলশান ও সবুজবাগ সার্কেলের বিশেষ টিম রাজধানীর ৮৮ বড়মগবাজার আয়েশা গোমতি ভবনের রাস্তার পূর্বপার্শ্ব হতে এবং বাড়ী নং ১০৪২, রোড নং ১৪/এ, থানা- আদাবর এলাকায়

অভিযান চালিয়ে ৮০০ (আটশত) পিস ইয়াবা, নগদ ১০.০০০/- (দশ হাজার টাকা), ০৫টি মোবাইল সেটসহ ০৬জন কে গ্রেফতার করেন। এর মধ্যে ০৫জন (১) নুরুল আমিন (৩৮) (২) সৈয়দ আলম (৩৮) (৩) মোঃ সাবের (৩৫), (৪) বোরহান উদ্দিন কায়সার (৩৮), (৫) মোঃ ফারুক হোসেন (২৪), হচ্ছে টেকনাফের নাগরিক এবং একজন মোঃ ইকবাল হোসেনের বাড়ী শরিয়তপুর বলে প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায়। পরিদর্শক জনাব এ, কে, এম কামরুল ইসলাম জানায়, মায়ানমার থেকে বিভিন্ন ব্র্যান্ডের আচারের প্যাকেটে, শুটকি মাছের প্যাকেটের ভিতরে বিশেষ কায়দায় মায়ানমার থেকে ইয়াবা এনে ঢাকার বিভিন্ন এলাকায় সরবরাহ করে থাকে। এদের মূল হোতা অত্র মামলার ১নং আসামী নুরুল আমিন। সে টেকনাফের একজন শীর্ষ ইয়াবা ব্যবসায়ী। ইতোপূর্বে সে কয়েকবার বিভিন্ন মামলায় জেল খেটেছে বলে প্রাথমিক জিজ্ঞাসা বাদে জানা যায়। এ বিষয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে রমনা থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়। মামলা নং ১১ তারিখ : ০৫/১১/২০১৩ খ্রিষ্টাব্দ। আসামীদেরকে ৩দিনের রিমাণ্ড চেয়ে আবেদন করা হয়েছে।

(গোলাম কিবরিয়া)

উপপরিচালক

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

ঢাকা মেট্রোঃ উপ অঞ্চল, ঢাকা